অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/16/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো অন্টারিও কাউন্টিতে 9.7 মিলিয়ন মার্কিন ডলার সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসন উন্নয়ন সম্পন্ন করার ঘোষণা দিয়েছেন

হ্যাপিনেস হাউস ফেজ II অ্যাপার্টমেন্টস ক্যানানডাইগুয়া শহরে গৃহহীন পরিবার এবং সিনিয়রদের জন্য 30টি বাড়ি প্রদান করে

নতুন অ্যাপার্টমেন্ট গভর্নরের অভূতপূর্ব 20 বিলিয়ন মার্কিন ডলার, পাঁচ বছরের সাশ্রয়ী মূল্যের হাউজিং পরিকল্পনার অংশ

বিনিয়োগের পরিপূরকগুলি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" - কমিউনিটিগুলিকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতিকে বিকাশের জন্য অঞ্চলটির বিস্তৃত কৌশল

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ হ্যাপিনেস হাউস ফেজ II অ্যাপার্টমেন্টগুলি, অন্টারিও কাউন্টির ক্যানানডাইগুয়া শহরে 9.7 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসন উন্নয়ন কাজের সমাপ্তি করার ঘোষণা করেছেন। কমপ্লেক্সটি ব্যক্তি, পরিবার এবং সিনিয়রদের জন্য 30টি সাশ্রয়ী মূল্যের বাড়ি প্রদান করে, যার মধ্যে নয়টি অ্যাপার্টমেন্ট রয়েছে যারা পূর্বে থেকে গৃহহীন রয়েছেন তাদের জন্য সংরক্ষিত। হ্যাপিনেস হাউস ফেজ II অ্যাপার্টমেন্টগুলি গভর্নর কুওমোর অভূতপূর্ব 20 বিলিয়ন মার্কিন ডলারের একটি অংশ, পাঁচ বছরের সাশ্রয়ী মূল্যের আবাসন পরিকল্পনার অংশ যা সকল নিউ ইয়র্কবাসীকে নিরাপদ, সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণ এবং সংরক্ষণের মাধ্যমে 100,000 ইউনিট সাশ্রয়ী মূল্যের আবাসন এবং 6,000 ইউনিট সহায়ক আবাসন সরবরাহ করে। এই উন্নয়ন স্টেট জুড়ে কমিউনিটিকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতিকে বিকাশের জন্য গভর্নরের সামগ্রিক কৌশলকেও বিকাশ করেছে। 2011 সাল থেকে, নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) ফিঙ্গার লেক অঞ্চলে প্রায় 7,700 সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণের জন্য 639 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে।

"নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি কোণায় সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসন ইউনিট তৈরি করতে অভূতপূর্ব বিনিয়োগ করেছে," **গভর্নর কুওমো বলেন।** "এই নতুন উন্নয়ন যোগ্য অন্টারিও কাউন্টির বাসিন্দাদের নিরাপদ আবাসন এবং গুরুত্বপূর্ণ সহায়ক সেবাগুলিতে অ্যাক্সেস প্রদান করবে এবং আমাদের চলমান প্রচেষ্টার উপর ভিত্তি করে গৃহহীনতার বিরুদ্ধে লড়াই করবে এবং সবার জন্য একটি নিরাপদ ও শক্তিশালী এম্পায়ার স্টেট গড়ে তুলবে।"

"প্রত্যেক নিউ ইয়র্কবাসীর তাদের মাথার উপর ছাদ এবং একটি ভালো বাড়ির শালীনতা প্রাপ্য," **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "ক্যানানডাইগুয়ার হ্যাপিনেস হাউজ অ্যাপার্টমেন্টে এই বিনিয়োগের মাধ্যমে আমরা অতিরিক্ত 30টি পরিবার, সিনিয়র এবং গৃহহীনতার সাথে লড়াইরত ব্যক্তিদের বসবাসের জন্য নিরাপদ এবং সুরক্ষিত স্থান খুঁজে পেতে সহায়তা করছি। যখন আমরা এই মহামারীর সাথে লড়াই করছি, নিউ ইয়র্ক স্টেট গৃহহীনতার বিরুদ্ধে মোকাবেলা করতে এবং নিউ ইয়র্কবাসীকে সহায়ক সেবা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ।"

হ্যাপিনেস হাউস ফেজ II অ্যাপার্টমেন্ট 22টি অ্যাপার্টমেন্ট সহ একটি দ্বিতল ভবন এবং আটটি স্টুডিও অ্যাপার্টমেন্ট বিশিষ্ট একটি একতলা ভবন নি‍ে গঠিত, যা 55 বছর বা তার বেশি বয়সী সিনিয়রদের জন্য বিশেষভাবে পরিকল্পনা করা হয়েছে।য় সব অ্যাপার্টমেন্ট এই অঞ্চলের মধ্যম আয়ের চেয়ে 50 শতাংশ কম আয়ের পরিবারগুলোর জন্য উপলভ্য থাকবে। বৃহত্তর ভবনের পাঁচটি অ্যাপার্টমেন্ট এবং চারটি সিনিয়র স্টুডিও অ্যাপার্টমেন্ট গভর্নর কুওমোর এম্পায়ার স্টেট সাপোর্টিং হাউজিং ইনিশিয়েটিভের (Empire State Supportive Housing Initiative) মাধ্যমে ভাড়া ভর্তুকি এবং সহায়ক সেবা পাবে এবং নিউ ইয়র্ক স্টেট অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports) দ্বারা পরিচালিত হবে।

বাসিন্দাগণ চাহিদা এবং যোগ্যতার ভিত্তিতে অন এবং অফ-সাইট সহায়ক সামাজিক সেবায় অ্যাক্সেস পাবেন। এর মধ্যে রয়েছে যাদের মাদকের অপব্যবহারের ইতিহাস আছে তাদের জন্য কাউন্সেলিং এবং পুনরুদ্ধারের সেবা; স্মৃতি দক্ষতা লালন-পালনে বয়স্ক বাসিন্দাদের জন্য ব্যক্তিগত এবং দলগত সহায়তা; স্বাস্থ্য এবং সুস্থতার উপর অন্তর্নিহিত মনোযোগ দিয়ে গতিশীলতা এবং সামাজিক সমর্থন; যোগ্য ভাড়াটেদের জন্য ডে সার্ভিস এবং শোক কাউন্সেলিং।

ভবনগুলি এন্টারপ্রাইজ গ্রীন কমিউনিটি বিল্ডিংয়ের মান পূরণ করার জন্য ডিজাইন করা হয়েছে। প্রতিটি অ্যাপার্টমেন্টে সেন্ট্রাল এয়ার কন্ডিশনিং এবং এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স আছে। হ্যাপিনেস হাউজ ফেজ II অ্যাপার্টমেন্ট খুচরা ব্যবসায়ী, বাণিজ্যিক সেবা, একটি টাউন পার্ক, রেস্টুরেন্ট এবং অন্যান্য সুযোগ-সুবিধার কাছাকাছি অবস্থিত। সম্পত্তিতে একটি পাবলিক ট্রানজিট বাস স্টপ আছে।

ডেভেলপার এবং সেবা প্রদানকারী হচ্ছে হ্যাপিনেস হাউস, যা কর্পোরেটভাবে ফিঙ্গার লেকস ইউনাইটেড সেরিব্রাল পলসি ইনকর্পোরেটেড নামে পরিচিত

হ্যাপিনেস হাউস ফেজ II অ্যাপার্টমেন্টের জন্য স্টেট অর্থায়নে ফেডারেল নিম্ন-আয়ের হাউজিং ট্যাক্স ক্রেডিট অন্তর্ভুক্ত যা ইক্যুইটি প্রায় 5.6 মিলিয়ন মার্কিন ডলার এবং HCR থেকে 1.1 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি অর্জন করেছে। নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পরারি এবং ডিজেবিলিটি অ্যাসিসটেন্ট (Office of Temporary and Disability Assistance) হোমলেস হাউজিং ও অ্যাসিসট্যান্স প্রোগ্রাম (Homeless Housing and Assistance Program)-এর মাধ্যমে 2 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে। নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority), দ্য গলিসানো ফাউন্ডেশন (The

Golisano Foundation) এবং ফেডারেল হোম লোন ব্যাংক (Federal Home Loan Bank) অতিরিক্ত অর্থায়ন করেছে।

নিউ ইয়র্ক স্টেট এর আগে হ্যাপিনেস হাউস ফেজ I অ্যাপার্টমেন্ট, হ্যাপিনেস হাউস বুলেভার্ডে ফেজ II সংলগ্ন একটি 20-অ্যাপার্টমেন্ট সহায়ক এবং সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়নের জন্য অর্থায়ন প্রদান করে। প্রাথমিক পর্যায় 2014 সালে খোলা হয়।

হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) কমিশনার রুথান ভিসনসকাস বলেছেন, "গভর্নর কুওমো স্টেটের প্রতিটি অঞ্চলে সহায়ক আবাসন নির্মাণের মাধ্যমে গৃহহীনতা কমাতে অভূতপূর্ব রিসোর্স প্রদান করেছেন। হ্যাপিনেস হাউস ফেজ II অ্যাপার্টমেন্টের সাথে, আমরা 30টি ব্র্যান্ড-নতুন, জ্বালানি-সাশ্রয়ীসহ সাশ্রয়ী মূল্যের বাড়ি সরবরাহ করছি, যেখানে সামাজিক সেবা, স্বাস্থ্য সেবা এবং কাউন্সেলিংয়ে অন-সাইট অ্যাক্সেস রয়েছে। 9.7 মিলিয়ন মার্কিন ডলারের এই উন্নয়নে স্টেটের বিনিয়োগ আগামী বছরগুলোতে ক্যানানডাইগুয়াকে উপকৃত করবে এবং বাসিন্দাদের তাদের নতুন বাড়িতে সমৃদ্ধি আনতে সহায়তা করবে।"

অস্থায়ী এবং প্রতিবন্ধী সহায়তা অফিস (Office of Temporary and Disability Assistance, OTDA)-এর কমিশনার মাইক হেইন বলেছেন, "আমরা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ যে সকল নিউ ইর্কবাসী নিরাপদ, স্থিতিশীল আবাসনে অ্যাক্সেস করতে পারে- বিশেষত আমাদের সবচেয়ে দূর্বল জনগোষ্ঠীর মধ্যে। হ্যাপিনেস হাউস অ্যাপার্টমেন্ট গৃহহীন প্রবীণ ব্যক্তিদের সহায়তা ও সংস্থান সরবরাহ করবে, যা তাদের আবাসন অস্থিতিশীলতার কারণগুলো চিহ্নিত এবং মোকাবেলা করার জন্য নির্ভর করতে পারে। বিদ্যমান লিভিং সেন্টারের পাশাপাশি, এই অ্যাপার্টমেন্টগুলি অন্টারিও কাউন্টির অনিরাপদ বাসিন্দাদের জন্য একটি নতুন আশা এবং সামগ্রিকভাবে ফিঙ্গার লেক অঞ্চলের জন্য অভূতপূর্ব সম্পদকে উপস্থাপন করে।"

OASAS-এর কমিশনার আর্লিন গঞ্জালেজ-সানচেজ বলেন, "এই নতুন আবাসন উন্নয়ন অন্টারিও কাউন্টির মানুষকে একটি নিরাপদ এবং সহায়ক পরিবেশে বাস করার সুযোগ করে দেবে যেহেতু তারা আসক্তি থেকে তাদের জীবন পুনর্গঠন করতে চায়। বেঁচে থাকার জন্য একটি নিরাপদ স্থান হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় যা আমরা এই রোগে আক্রান্ত মানুষদের দিতে পারি এবং OASAS নিউ ইয়র্ক স্টেটের মানুষের জন্য এটি বাস্তবে পরিণত করতে প্রতিশ্রুতিবদ্ধ। এটি ফিঙ্গার লেক অঞ্চলের মানুষের জন্য যে সুবিধা নিয়ে আসবে আমরা তার অপেক্ষায় আছি।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA)-এর ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "আমাদের সবচেয়ে অসহায় বাসিন্দাদের জ্বালানী সাশ্রয়ী, সাশ্রয়ী এবং নিরাপদ আবাসন অ্যাক্সেস প্রদান করা গভর্নর কুওমোর লক্ষ্যের কেন্দ্রীয় টেন্যান্ট হলো সমস্ত নিউ ইয়র্কবাসীকে একটি ক্লিন এনার্জি অর্থনীতিতে স্টেটের উত্তরণে অন্তর্ভুক্ত করা। আমরা হ্যাপিনেস হাউস অ্যাপার্টমেন্টকে সমর্থন করতে পেরে গর্বিত এবং পরিবার, সিনিয়র

এবং তাদের কমিউনিটির অভাবগ্রস্তদের জন্য একটি পূর্ণ সেবা, সহায়ক উন্নয়ন প্রদানের জন্য তাদের অগ্রগামী চিন্তাধারার জন্য তাদের অভিনন্দন জানাই।"

সিনেটর পাম হেলমিং বলেন, "সাশ্রয়ী মূল্যের আবাসন ব্যবস্থা শক্তিশালী কমিউনিটির জন্যঅপরিহার্য উপাদান। এই প্রকল্প সম্পন্ন করার জন্য প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মেরি বোটফিল্ড এবং সমস্ত হ্যাপিনেস হাউস টিমকে অভিনন্দন, যা ক্যানানডাইগুয়া কমিউনিটি এবং ফিঙ্গার লেক অঞ্চলের জন্য একটি বিশাল সম্পদ। নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল এবং এই প্রকল্পকে বাস্তবে পরিণত করার সাথে জড়িত প্রত্যেককে ধন্যবাদ।"

অ্যাসেম্বলিম্যান জেফ গাল্লাহান বলেন, "আমাদের কমিউনিটির শক্তি আমাদের পরিবারের শক্তির উপর নির্মিত। এই উন্নন প্রতিবন্ধী, শ্রমজীবী পরিবার এবং আমাদের সিনিয়রদের জন্য গুরুত্বপূর্ণ নতুন সাশ্রয়ী মূল্যের আবাসন অপশন প্রদান করবে।য় নিউ ইয়র্ক হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল একটি চমৎকার অংশীদার এবং আজ হ্যাপিনেস হাউস টিম ও HCR-এর কঠোর পরিশ্রম ফলপ্রসূ হয়েছে দেখে ভালো লাগছে।"

অন্টারিও কাউন্টির চেয়ারম্যান জ্যাক মারেন বলেন, "অন্টারিও কাউন্টি এবং ক্যানানডাইগুয়া শহর ভাগ্যবান যে হ্যাপিনেস হাউস ফেজ II এর সমাপ্তি চিহ্নিত করতে এবং অনেক প্রয়োজনীয় সাশ্রয়ী মূল্যের হাউজিং অপশন প্রদান করতে সক্ষম। গৃহহীন ব্যক্তিদের জন্য সংরক্ষিত অ্যাপার্টমেন্টগুলো ক্রমবর্ধমান চাহিদা মোকাবেলায় সহায়তা করবে এবং অন্টারিও কাউন্টিতে এটি পেয়ে আমি গর্বিত। দ্বিতীয় পর্যায়ে যে সহযোগিতা এবং অংশীদারিত্ব সাফল্য অর্জন করেছে তাদের প্রচেষ্টার জন্য অনেক প্রশংসা প্রাপ্য।"

ক্যানানডাইগুয়ার সুপারভাইজার ক্যাথি মেনইকোটজ বলেন, "হ্যাপিনেস হাউস সংস্থা আমার নিজের জীবনের কিছু অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যক্তিসহ অনেক বছর ধরে আমাদের এলাকার অনেক মানুষকে সহায়তা করেছে। আমাদের কমিউনিটির সদস্যদের সেবা করার জন্য তাদের অনন্ত অঙ্গীকার সত্যিই প্রশংসনীয় এবং বিনম্র। আমি এই প্রকল্পের জন্য ক্যানানডাইগুয়া কমিউনিটিকে বেছে নেওয়ার জন্য ক্যানানডাইগুয়া শহরের পক্ষ থেকে হ্যাপিনেস হাউসকে ধন্যবাদ জানাতে চাই এবং এই ধারণাকে বাস্তবে পরিণত করতে সহায়তা করার জন্য আমি নিউ ইয়র্ক স্টেটকে ধন্যবাদ জানাতে চাই।"

হ্যাপিনেস হাউসের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মেরি বোটফিল্ড বলেন, "হ্যাপিনেস হাউসের লক্ষ্য হচ্ছে আমাদের কমিউনিটির অভাবগ্রস্তদের নিরাপদ এবং সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদান করা। আমরা খুবই সৌভাগ্যবান যে শারীরিক এবং সামাজিক পরিবেশের উন্নয়নে আমাদের স্টেট এবং কমিউনিটির অংশীদারদের সাথে আমরা সহযোগিতা করতে পেরেছি যা আমাদের অঞ্চলে বসবাসকারী সকল ব্যক্তির সামগ্রিক সুস্থতা উন্নীত করে।"

লেক ফরওয়ার্ডকে ত্বরান্বিত করা

আজকের ঘোষণার পরিপূরক "ফিঙ্গার লেক ফরওয়ার্ড," যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও

কমিউনিটি বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। স্টেট এ অঞ্চলে 2012 সাল থেকে এই পরিকল্পনার জন্য বুনিয়াদী কাজের পিছনে ইতোমধ্যেই ৪ বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে - ফটোনিক্স, কৃষি ও খাদ্য উৎপাদনও আধুনিক নির্মাণ কার্যের মতো মূল শিল্পসমূহ এই বিনিয়োগের অন্তর্ভুক্ত। 2015 সালের ডিসেম্বরে গভর্নর কুওমো কর্তৃক ঘোষিত আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের মাধ্যমে বর্তমান অঞ্চলটি 500 মিলিয়ন মার্কিন বিনিয়োগের মাধ্যমে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। এই তহবিল ব্যক্তিগত ব্যবসায়িক উদ্যোগে 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করতে উৎসাহিত করেছে, যা এই অঞ্চলে ৪,000-এর বেশি কর্মসংস্থান সৃষ্টির প্রত্যাশা করে। আরো তথ্য পাওয়া যাবে এখানে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন